দৈনিক ইনকিলাব

তারিখ ... 19 MAY 2009 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ডে ২ জামায়াত নেতার অব্যাহতি দাবী

## বিভিন্ন জেলায় কর্মসূচী অব্যাহত

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের ঢাকা মহানগরসহ বিভিন্ন জেলার নেতৃবৃন্দ শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ডে দু'জন জামায়াত নেতাকে সদস্যভুক্ত করার তীব্র প্রতিবাদ করে উক্ত দু'টি সদস্যপদ বাতিলের দাবী করেছেন। বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, মহাজোট সরকারের সমর্থক ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী কোন কর্মচারীকে সদস্য হিসেবে অবসর সুবিধা বোর্ডে অন্তর্ভুক্ত না করে জামায়াত-রাজাকারদের কারা অন্তর্ভুক্ত করল বা তাদের শক্তির উৎস কি- তা খতিয়ে দেখে, প্রকৃত তথ্য প্রকাশ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বিবৃতি প্রদান করেছেন, ফেডারেশনের ঢাকা মহানগর সভাপতি হাবিবুর রহমান হাবিব, সাধারণ সম্পাদক মো: জসিম উদ্দিন, গাজীপুর জেলা সভাপতি শেখ আফসার উদ্দিন, সাধারণ সম্পাদক মো: আক্কাছ আলী, জামালপুর জেলা সভাপতি এম. এ. মতিন, সাধারণ সম্পাদক মো: আব্দুল হক, শেরপুর জেলা সভাপতি মো: আব্দুল লতিফ, টাংগাইল জেলা সভাপতি মো: আব্দুল আজিজ, কিশোরগঞ্জ জেলা সভাপতি মোঃ আব্দুস সাত্তার, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম, কুমিল্লা জেলা সভাপতি মোঃ আবু মুসা, দিনাজপুর জেলা সভাপতি মোঃ গোলাম মাওলা, সাতক্ষীরা জেলা সভাপতি খান আব্দুল হালিম, সাধারণ সম্পাদক মোসলেম আলী, নারায়ণগঞ্জ জেলা সভাপতি জীবন চন্দ্র দাস, কক্সবাজার জেলা সভাপতি মোঃ নুর হোসেন, সাধারণ সম্পাদক মোঃ আলা উদ্দিন, খুলনা জেলা সভাপতি মোঃ আব্দুল ওয়াহাব, সাধারণ সম্পাদক মোঃ শফি উদ্দিন, যশোর জেলা সভাপতি আব্দুল কুদ্দুছ, বাগেরহাট জেলা সভাপতি গৌরাঙ্গ মজুমদার, সাধারণ সম্পাদক তৈয়বুর রহমান, পাবনা জেলা সভাপতি এনায়েত হোসেন, রাজশাহী জেলা সভাপতি নুরুল ইসলাম, রংপুর জেলা সভাপতি মো: আতিয়ার রহমান, বরিশাল জেলা সভাপতি মোঃ আব্দুল গনি হাওলাদার, রাজবাড়ী জেলা সভাপতি রফিকুল ইসলাম, সুনামগঞ্জ জেলা সভাপতি রবীন্দ্র চন্দ্র বর্মণ প্রমুখ।